

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম।

ই-মেইলঃ- Lohagara@uhfpo.dghs.gov.bd

স্মারক নং-উঃস্বঃওপঃপঃকঃ/লোহা/২০২১/ ২৪৫৫

তারিখঃ-১১/০৮/২০২১ ইং

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরের আওতায় চলমান বিষয়ে স্থায়ী কমিটির সভার আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ১৮/০৮/২০২১ ইংয়ের তারিখ দুপুর ২.০০ ঘটিকায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লোহাগাড়া, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষে উপজেলা হাসপাতাল এর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপজেলা হাসপাতাল এর স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যদের উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক

----- (সদস্য)

লোহাগাড়া, চট্টগ্রাম।

১১/০৮/২১
(ডাঃ মোহাম্মদ হান্নিক)

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
লোহাগাড়া, চট্টগ্রাম।

স্মারক নং-উঃস্বঃওপঃপঃকঃ/লোহা/২০২১/ ২৪৫৫ (৪)

তারিখঃ-১১/০৮/২০২১ ইং

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হইল।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, লোহাগাড়া, চট্টগ্রাম।

৩। জনাব., লোহাগাড়া, চট্টগ্রাম।

৪। দপ্তর নথি।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
লোহাগাড়া চট্টগ্রাম।

১১/৮/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম।

ই-মেইলঃ- Lohagara@uhfpo.dghs.gov.bd

স্মারক নং-উঃস্বঃওপঃপঃকঃ/লোহা/২০২১/ ২৫৪৭

তারিখঃ- ১৮/০৮/২০২১ ইং

সভার নামঃ- উপজেলা হাসপাতাল এর স্থায়ী কমিটির সভা।

সভার তারিখঃ ১-১৮.০৮.২০২১ ইং

সময়ঃ ১- দুপুর ০২:০০ টা।

স্থানঃ- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লোহাগাড়া, চট্টগ্রাম।

সভাপতিঃ বেগম জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ লোহাগাড়া, চট্টগ্রাম।

সভার উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

- ১। বেগম জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।-----সভাপতি।
- ২। জনাব এম. ইব্রাহিম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।-----সদস্য।
- ৩। জনাব মোঃ জহির উদ্দিন, চেয়ারম্যান, পদুয়া ইউপি-----সদস্য।
- ৪। বেগম শিরিন আকতার, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।-----সদস্য।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, লোহাগাড়া, চট্টগ্রাম।-----সদস্য সচিব।

আলোচ্য সূচী:-

- ১। হাসপাতাল পরিদর্শন।
- ২। হাসপাতালে পরিষ্কার পরিচ্ছন্নতা।
- ৩। রোগী ও হাসপাতালের কর্মকর্তা কর্মচারীদের বসার জন্য আসবাবপত্রের ব্যবস্থাকরন।
- ৪। বিবিধ

কমিটির সভাপতি উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জেসমিন আক্তার মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয়কে সভার কাজ শুরু করতে বলেন। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচনা ও সিদ্ধান্ত সমূহ

আলোচনা:- ১ নং:- হাসপাতালের সার্বিক স্বাস্থ্য সেবা কার্যক্রমে সন্তোষ প্রকাশ এবং ডাক্তারদের নিয়মিত উপস্থিতির উপর গুরুত্বরোপ করেন। হাসপাতালে কিছু কিছু ঠাকদের রোগীদের প্রতি আচার ব্যবহারে সন্তোষ প্রকাশ করেন। (তাছাড়া স্বাস্থ্য সেবা কার্যক্রম আর ও বেগবান করার জন্য শূন্যপদ সমূহ পূরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:- সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে কমিটিতে কার্যক্রম জোরদার করার ব্যাপারে সকল সদস্য অভিমত পেশ করেন।

আলোচনা:- ২ নং:- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর চিকিৎসার মান ও পরিষ্কার পরিচ্ছন্নতা নিয়ে উপস্থিত সভার সবাই সন্তোষ প্রকাশ করেন এবং ইহার মান ধরে রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।

সিদ্ধান্ত:- সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে কমিটিতে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করার ব্যাপারে সকল সদস্য অভিমত পেশ করেন ও স্বাস্থ্য সেবার মান উন্নয়নের ব্যাপারে আলোচনা করারও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচনা:- ৩ নং:- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ রোগীদের বসার জন্য আসবাবপত্রের ব্যবস্থাকরণের বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জেসমিন আক্তার মহোদয় কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত:- সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে কমিটির সকল সদস্য অভিমত পেশ করেন ও এ ব্যাপারে আলোচনা করারও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভার আর কোনো আলোচ্যসূচী না থাকায় সম্মানিত সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জেসমিন

জেসমিন আক্তার

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

লোহাগাড়া, চট্টগ্রাম।

ও

সভাপতি

উপজেলা হাসপাতালের স্থায়ী কমিটি

লোহাগাড়া, চট্টগ্রাম।